



প্রেস বিজ্ঞপ্তি

পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টার সঙ্গে
নোবিপ্রবি উপাচার্যের সাক্ষাত

পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ রোববার (১৫ সেপ্টেম্বর ২০২৪) সচিবালয়ে শিক্ষা উপদেষ্টার কার্যালয়ে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়।

সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন ৩ এর উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনাসহ সংশ্লিষ্ট প্রতিবেদন পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টার হাতে তুলে দেন। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও ল্যাব সংকট নিরসনে প্রকল্পটি দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টাকে বিশেষভাবে অনুরোধ জানান।

সাক্ষাত ও মতবিনিময়কালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বিষয়ে পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টাকে অবহিত করেন। এ সময় নোবিপ্রবিতে দ্রুত সময়ের মধ্যে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক হওয়ায় সন্তোষ প্রকাশ করেন মাননীয় উপদেষ্টা।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪